

(বাংলায় অনুদিত)

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার নং-১২

তারিখঃ মার্চ ১১, ২০১৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাচী  
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক  
ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ

প্রিয় মহোদয়,

বাংলাদেশে পরিচালিত বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত কোম্পানীকে টাকায় মেয়াদী খণ্ড প্রদান প্রসঙ্গে।

গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন (GFET, 2009 সংক্রান্ত), এর অধ্যায় ১৬, অনুচ্ছেদ ৪বি(১) এবং এপ্রিল ২৫, ২০১২ তারিখের এফই সার্কুলার নং-৪ এর নির্দেশনায় বাংলাদেশে পরিচালিত বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত কোম্পানী কর্তৃক স্থানীয় বাজার হতে টাকায় মেয়াদী খণ্ড গ্রহণে বিধিনিম্নে আরোপিত রয়েছে। এরূপ খণ্ড গ্রহণ উক্ত কোম্পানীর মূলধনে স্থানীয় মালিকানা/অংশীদারিত্বের হার পর্যন্ত সীমিত রাখা হয়েছে।

০২. স্থানীয় বাজারে সুবিধাজনক তারল্য পরিস্থিতি বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত কোম্পানী যারা বাংলাদেশে তিন বছর বা তার অধিক সময়ের জন্য পণ্য উৎপাদন বা সেবা কর্মে নিয়োজিত রয়েছে সে সকল প্রতিষ্ঠান তাদের মূলধনে স্থানীয় মালিকানা/অংশীদারিত্বের পরিমাণ বিবেচনায় না নিয়ে স্থানীয় বাজার হতে মেয়াদী খণ্ড গ্রহণের সুযোগ পাবে। তবে, এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান প্রার্থিত খণ্ডের একক ধ্রাহক খণ্ডসীমা, খণ্ড-মূলধন অনুপাত ইত্যাদিসহ প্রযোজ্য সকল খণ্ড প্রদানের নীতিমালা এবং Prudential parameters পরিপালন নিশ্চিত করবে।

০৩. ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যথারীতি বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানকে প্রদত্ত মেয়াদী খণ্ডের ঘটনোত্তর প্রতিবেদন GFET এর পরিশিষ্ট ৫/৭৫ এর নির্ধারিত নমুনায় মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

অনুগ্রহপূর্বক উপরোক্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ-

(জগন্নাথ চন্দ্ৰ ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯২